

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার .
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।
www.naogaonsadar.naogaon.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৬৪৬০.০০০.১৩.০০২.২৩-১২২৭

তারিখ : ০৬ পৌষ ১৪৩০
২৩ ডিসেম্বর ২০২৩

বিষয় : অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি বাস্তবায়ন।

সূত্র : জাতীয় ক্রীড়া পরিষদ, ক্রীড়া অনুবিভাগ, ঢাকা এর ১৮/১২/২০২৩ তারিখের ৩৪.০৩.০০০০.০০০৪.০৬.১২৪.২৩/৩৪১৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তৃণমূল পর্যায় থেকে হ্যান্ডবল, ভলিবল, বাল্কেটবল, কাবাডি, ভারোসলন, সাইক্রিং, জিমন্যাস্টিক, জুডো, দাবা, বক্সিং, ক্রিকেট-এ ১১টি ইভেন্টে দেশের সেরা প্রতিভাবান খেলোয়ার (বালক-বালিকা) বাছাই করার জন্য অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুসারে উপজেলার সকল ইউনিয়ন ও শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার করে আগামী ২০ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে বর্ণিত ১১টি ইভেন্টের প্রতি ইভেন্টে ০১ (এক) জন করে শ্রেষ্ঠ উপজেলা প্রতিভাবান খেলোয়ার বাছাই করে নির্ধারিত ছকে তালিকা জেলা প্রশাসক, নওগাঁ বরাবর প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনে সিডিউল/ফিকশচার প্রস্তুত ও বিতরণপূর্বক উপজেলার সকল ইউনিয়ন ও শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করে এবং আগামী ২০ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে বর্ণিত ১১টি ইভেন্টের প্রতি ইভেন্টে ০১ (এক) জন করে শ্রেষ্ঠ উপজেলা প্রতিভাবান খেলোয়ার বাছাই করে নির্ধারিত ছকে তালিকা এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : সূত্রোক্ত পত্র ও ছক ০২ পাতা।

সাধারণ সম্পাদক
উপজেলা ক্রীড়া সংস্থা
নওগাঁ সদর, নওগাঁ।

এস.এম.রবিন শীষ
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।
সভাপতি
উপজেলা ক্রীড়া সংস্থা

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

০১. জেলা প্রশাসক, নওগাঁ।

অনুলিপি: (কার্যার্থে)

০২. উপজেলা শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। (তার অধিক্ষেত্রাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। (তার অধিক্ষেত্রাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৪. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নওগাঁ সদর, নওগাঁ। (তার অধিক্ষেত্রাধীন এলাকায় অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫. সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নওগাঁ সদর, নওগাঁ। (উপজেলা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

*** উপজেলার ১১টি ইভেন্টের ১১ জন শ্রেষ্ঠ বাছাইকৃত প্রতিভাবান খেলোয়ার জেলা পর্যায়ে ২৫ জানুয়ারি ২০২৪ তারিখে বাছাইয়ে অংশগ্রহণ করবে। জেলা পর্যায়ে থেকে জেলার ১১টি ইভেন্টের ১১ জন শ্রেষ্ঠ বাছাইকৃত প্রতিভাবান খেলোয়ার জাতীয় পর্যায়ে ১লা ফেব্রুয়ারি ২০২৪ তারিখে বাছাইয়ে অংশগ্রহণের জন্য ঢাকায় প্রেরিত হবে। জাতীয় পর্যায়ে বাছাইয়ে অংশগ্রহণকারী সকলেই ভ্রমণভাতা ও ১ দিনের ডিএ প্রাপ্ত হবেন। ঢাকায় জাতীয় পর্যায়ে ১১টি ইভেন্টে বাছাইকৃত ১৬৪ জনকে জাতীয় ক্রীড়া পরিষদের তত্ত্বাবধানে ২১ দিন বিনামূল্যে থাকা, খাওয়া, কিট এ্যালাউন্স, পকেটভাতা, ভ্রমণভাতা, খেলাধুলার সামগ্রী ও পোষাকভাতা প্রদান করা হবে। জাতীয় পর্যায়ে ২১ দিনের প্রশিক্ষণ প্রতি ইভেন্টের মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী ৩ জন করে ১১ ইভেন্টে মোট ৩৩ জন খেলোয়ারকে ফ্রেস্ট ও সম্মানী প্রদান করা হবে এবং তাদেরকে বিভিন্ন ফেডারেশনে দীর্ঘমেয়াদী উন্নত প্রশিক্ষণের জন্য সুপারিশ করা হবে।